# Original Inhabitant এর বিষয়ে স্পষ্টীকরণ

NRC
NATIONAL REGISTER OF CITIZENS

## বিজ্ঞপ্তি

এনআরসি উন্নীতকরণের প্রক্রিয়ায় Original Inhabitant চিহ্নিতকরণের ক্ষেত্রে একাংশ ব্যক্তির মনে কিছু সন্দেহ বা ভ্রান্ত ধারণার সৃষ্টি হওয়া পরিলক্ষিত হয়েছে। এই সংক্রান্তে আমরা পুনঃ আশ্বস্ত করছি যে এনআরসি উন্নীতকরণের প্রক্রিয়া সম্পূর্ণ বিধিসম্মত ব্যবস্থার আধারে বিশেষ করে "নাগরিকত্ব (নাগরিক পঞ্জীয়ন এবং রাষ্ট্রীয় পরিচয়পত্র প্রদান)আইন ২০০৩"এর অধীনে সম্পূর্ণ স্বচ্ছতার সংগে এগিয়ে চলেছে। উপরোক্ত আইনের অধীনে ধারা ৩ (৩) এর ব্যবস্থাবলী অনুসারে *"সেই ব্যক্তিদের নাম, যারা অসম রাজ্যের Originally Inhabitant এবং যাদের ছেলে-মেয়ে ও উত্তরসূরীগণ ভারতীয় নাগরিক, তাদের নাম একত্রিত তালিকায় অন্তর্ভুক্ত করা হবে যদি এই ব্যক্তিদের নাগরিকত্ব সন্দেহাতীতভাবে প্রতিপন্ন হওয়া সম্বন্ধে পঞ্জীয়ন কর্তৃপক্ষ সম্পূর্ণ নিশ্চিত হন"।* আইন অনুযায়ী Original Inhabitant হিসেবে প্রতিপন্ন হওয়া ব্যক্তিদের নাম এনআরসিতে অন্তর্ভুক্তির জন্য যোগ্য হওয়ায় আইনের এই ধারাটি প্রয়োগের দ্বারা এটা সুনিশ্চিত করা হচ্ছে যাতে কোন Original Inhabitant আইনের এই সুরক্ষা থেকে বঞ্চিত না হয় এবং নথি-পত্র না থাকা বা এধরণের অন্য কোন কারণে তাদের নাম এনআরসি থেকে বাদ পরে না। Original Inhabitant চিহ্নিতকরণের মাধ্যমে এনআরসিতে অন্তর্ভুক্ত হওয়া নাগরিকদের কোন বিশেষ মর্য্যাদা প্রদান করা হবে না এবং তাদের ক্ষেত্রে কোন ধরণের অগ্রাধিকার বা শ্রেণীকরণের সুবিধাও থাকবে না। এখানে গুরুত্বপূর্ণ বিষয়টি হচ্ছে যে, ধর্ম, বর্ণ, সম্প্রদায়, ভাষা বা অঞ্চল নির্বিশেষে সব প্রকৃত ভারতীয় নাগরিকের নাম উন্নীতকৃত এনআরসিতে অন্তর্ভুক্ত করা হবে। উন্নীতকৃত এনআরসিতে অন্তর্ভুক্ত নাগরিকদের কোন শ্রেণী বিভাজন না করেই সমান অধিকার এবং সমমর্য্যাদা নিশ্চিত হবে। **খসড়া এবং চুড়ান্ত উন্নীতকৃত এনআরসিতে কোন ব্যক্তিকেই Original Inhabitant বা Original Inhabitant নয় বলে দেখানো হবে না এবং 'নাগরিক' হিসেবে শুধু একটি শ্রেণীতেই সবাইকে অন্তর্ভুক্ত করা হবে।** তাই এতদ্বারা জনগণের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যে, তারা যাতে নথিপত্রের দ্বারা যোগ্যতা প্রতিপন্ন করে এনআরসিতে নাম অন্তর্ভুক্ত করা আবেদনকারীদের বিপরীতে Original Inhabitant চিহ্নিত হওয়ার আবেদনকারীগণ কোন বিশেষ বা অতিরিক্ত মর্য্যাদা লাভ করবেন এই ভ্রান্ত ধারণার বশবর্তী হয়ে নিরাপত্তাহীন বোধ না করেন। উল্লেখনীয় যে পঞ্জীয়ন কর্তৃপক্ষের দ্বারা Original Inhabitant চিহ্নিত হওয়া বহু আবেদনকারী এনআরসিতে নাম অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় সব নথি-পত্র দাখিল করেছেন। জনগণের প্রতি অনুরোধ জানানো হল তারা যাতে মনে রাখেন যে, Original Inhabitant চিহ্নিতকরণের প্রক্রিয়া আইনের বিধান অনুযায়ী সম্পূর্ণ যত্ন সহকারে এবং খুঁটি-নাটি পরীক্ষা করে নিরূপন করা হয়েছে যাতে সব প্রকৃত ভারতীয়দের নাম এনআরসিতে অন্তর্ভুক্ত হয় এবং এ সম্পর্কে শেষ সিদ্ধান্ত সব স্তরের পরীক্ষণের পরই নেওয়া হবে।

**স্বা/- রাজ্যিক সমন্বয়ক, রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী, অসম**

| বিশদ জানতে এবং সহায়তার জন্য | আমাদের বিনামূল্যের হেল্পলাইন নম্বর<br>**১৫১০৭ (15107)** | আমাদের ওয়েবসাইট<br>**www.nrcassam.nic.in** | *রাজ্যিক সমন্বয়ক, রাষ্ট্রীয় নাগরিক পঞ্জীয়ন, অসম দ্বারা জনহিতার্থে প্রচারিত।* |
|---|---|---|---|

**nrcassam** **@NRCupdateAssam** এ আমাদের অনুসরণ করুন

Exclusive/NRC/08-2016/33